# সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়

## SYED ABU ZAFAR HIGH SCHOOL


*Makrail,Madhukhali,Faridpur.*

*http://sazhs.bd.education ,EIIN:135352,Mobile:01726094041,E-mail:-s135352@hotmail.com,School code:5143*


**স্মারক নং:** সৈ.আ.জা.উ.বি. /প্রশাসন/ ২৮১/২০২৬ **তারিখ:** ১১ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

## নোটিশ

**বিষয়: বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি ও শিক্ষার মানোন্নয়নে "হোম ভিজিট" কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকল শিক্ষকমণ্ডলীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমাদের বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে আগামী ১৬/০৮/২০১৬খ্রিঃ তারিখ থেকে পুরো বিদ্যালয়ে একটি বিশেষ **"হোম ভিজিট (গৃহ পরিদর্শন)"** কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের অনুপস্থিতির প্রকৃত কারণ উদঘাটন এবং অভিভাবকদের সাথে সরাসরি মতবিনিময়ের মাধ্যমে একটি সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তোলাই এই কার্যক্রমের মূল উদ্দেশ্য। এই লক্ষ্যে সকল শ্রেণির শ্রেণি-শিক্ষক ও সহকারী শিক্ষকদের নিচের নির্দেশনাগুলো গুরুত্বের সাথে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

### শিক্ষকদের জন্য মূল নির্দেশনা:

১. **অনুপস্থিত শিক্ষার্থী চিহ্নিতকরণ:** বিগত ২ সপ্তাহে যেসব শিক্ষার্থী ক্রমাগত বা প্রায়শই অনুপস্থিত থাকছে, প্রথম ধাপে তাদের তালিকা প্রস্তুত করুন।
২. **অভিভাবকদের সাথে যোগাযোগ:** হোম ভিজিটে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট অভিভাবককে ফোন করে আপনার পরিদর্শনের সময়টি জানিয়ে রাখুন।
৩. **ইতিবাচক আলোচনা:** পরিদর্শনের শুরুতে শিক্ষার্থীর ইতিবাচক গুণগুলো তুলে ধরুন। কোনো প্রকার নেতিবাচক বা তিরস্কারমূলক আচরণ পরিহার করে বন্ধুসুলভ পরিবেশে অনুপস্থিতির মূল কারণ জানার চেষ্টা করুন।
৪. **নিয়মিত উপস্থিতির সুফল:** নিয়মিত ক্লাসে আসার গুরুত্ব এবং পাঠদানে পিছিয়ে পড়ার অসুবিধাগুলো অভিভাবক ও শিক্ষার্থীকে বুঝিয়ে বলুন।
৫. **রেজিস্ট্রার হালনাগাদ:** প্রতিটি হোম ভিজিট শেষে নির্ধারিত রেজিস্ট্রারের সকল কলাম (অনুপস্থিতির কারণ, শিক্ষকের মন্তব্য ও অভিভাবকের স্বাক্ষরসহ) সঠিকভাবে পূরণ করুন।
৬. **সাপ্তাহিক রিপোর্ট পেশ:** প্রতি সপ্তাহের শেষ কর্মদিবসে (বৃহস্পতিবার) পরিদর্শনের সামগ্রিক তথ্যের ওপর ভিত্তি করে একটি সংক্ষিপ্ত রিপোর্ট প্রধান শিক্ষকের কার্যালয়ে জমা দিতে হবে।

আমাদের সম্মিলিত প্রচেষ্টাই শিক্ষার্থীদের একটি উজ্জ্বল ভবিষ্যৎ এবং বিদ্যালয়ের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে পারে। এই কার্যক্রমে সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।

(সৈয়দ সায়ফুল ইসলাম)
১৪/৮/২৬
**প্রধান শিক্ষক**
সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়
মধুখালী,ফরিদপুর।

সৈয়দ সায়ফুল ইসলাম
প্রধান শিক্ষক
সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়
মধুখালী, ফরিদপুর।